গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৫৫.১৪-১০৫৫ তারিখঃ ২১/০৯/২০২২খ্রিঃ।

বিষয় ঃ সামাজিক-সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনকল্পে ব্যয় নির্বাহের লক্ষ্যে বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র ঃ (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা নং-১৯ তারিখঃ ১৬.০৮.২০২২।
(২) এ বিভাগের স্মারক নং-১২২৮, ১২২৯ তারিখঃ ১৮/১১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পৌরসভা ও ওয়ার্ডসমূহের কমিটি নিম্নোক্ত কার্যসম্পাদনকল্পে পৌরসভার রাজস্ব খাত হতে বাৎসরিক সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় নির্বাহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(১) এ কমিটি পৌরসভা এবং ওয়ার্ডসমূহে সম্প্রীতি-সমাবেশ, উদ্বুদ্ধকরণ সভা, জনসচেতনমূলক কার্যক্রম গ্রহনের মাধ্যমে বিদ্যমান আন্তঃধর্মীয় সম্পর্ক ও সামাজিক বন্ধনকে সুসংহত রাখাসহ অসাম্প্রদায়িক চেতনায় ধর্মীয় ও সামাজিক বন্ধনকে এগিয়ে নিতে সর্বদা সচেষ্ট থাকবে;

(২) ধর্মীয় উগ্রবাদ, জঙ্গীবাদ, সহিংসতা ও সন্ত্রাসবাদকে প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করবে;

(৩) সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে প্রয়োজনীয় প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহন করবে;

(৪) মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডাসহ সকল উপাসনালয়ের নিরাপত্তা বিধানে কার্যকর সহায়তা প্রদান করবে;

(৫) সকল ধর্মীয় উৎসব যথাযথ ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের পরিবেশনকে অক্ষুন্ন রাখতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে; এবং

(৬) বিভিন্ন ধর্মের শান্তি ও সৌহার্দের বাণীসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

সংযুক্তিঃ .......০৬....... ফর্দ।

২১/৯/২২

(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)
...................... পৌরসভা
জেলাঃ......................।

অনুলিপি ঃ-

১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। একান্ত সচিব, সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ......০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২- ১৭

তারিখ ০১ ভাদ্র ১৪২৯
১৬ আগস্ট ২০২২

**বিষয়ঃ সামাজিক-সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনকল্পে ব্যয় নির্বাহের লক্ষ্যে বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

সূত্রঃ ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২-১১, তাঃ ২৪/০৭/২০২২
খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২-১২, তাঃ ২৪/০৭/২০২২
গ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২-১৩, তাঃ ২৪/০৭/২০২২

সামাজিক-সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনকল্পে ব্যয় নির্বাহের জন্য দেশের সকল ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ ও সিটি কর্পোরেশনের অনুকূলে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। (কপি সংযুক্ত)

০২। ইতোমধ্যে দেশের সকল ইউনিয়ন, উপজেলা, পৌরসভা, জেলা ও সিটি কর্পোরেশনসমূহে সামাজিক-সম্প্রীতি কমিটি গঠিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, সামাজিক-সম্প্রীতি কমিটিসমূহের কার্যসম্পাদনে ব্যয় নির্বাহের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ ও সিটি কর্পোরেশনসমূহে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ডায়েরি নং ৬০৫ তারিখ..........
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)


১৬/০৮/২০২২
(এ. কে. এম. মনিরুজ্জামান)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ +৮৮-০২-৫৫০২৯৪৩৫
ই-মেইলঃ section.dir15@pmo.gov.bd


সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ডায়েরি নং:........<br>তারিখঃ ২১/৮/২২ | স্বাক্ষর |

অতিঃ/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর........ তারিখ........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫.২০২০- ১২২৬

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮ / ১৮ নভেম্বর ২০২১

# অফিস আদেশ

গত ২৪/১০/২০২১ তারিখ রবিবার দুপুর ১২.৩০ ঘটিকায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এর সভাপতিত্বে ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে জনপ্রতিনিধিগণের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার ৫(ঘ) ও (ঙ) নং সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০১/১১/২০২১ তারিখের ০৪.০০. ০০০০.৬১১.০৬. ০০১.২১.১০২ সংখ্যক পত্রে নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটির ( ২০২১ সালের ২য় সভা) সভার ১.৬ নং সিদ্ধান্তের নির্দেশনা মোতাবেক বিদ্যমান ধর্মীয় সম্প্রীতি বজায় রাখা এবং যে কোন ধরনের অপপ্রচার প্রতিরোধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের জন্য পৌরসভা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হল:

| | | |
|---|---|---|
| (১) | পৌর মেয়র | সভাপতি |
| (২) | কাউন্সিলর (সকল) | সদস্য |
| (৩) | স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (দুই জন) | সদস্য |
| (৪) | একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| (৫) | সরকারী কলেজের প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| (৬) | বেসরকারি কলেজের প্রতিনিধি | সদস্য |
| (৭) | মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিনিধি | সদস্য |
| (৮) | মসজিদের ইমাম (১জন) | সদস্য |
| (৯) | কমিউনিটি পুলিশের একজন প্রতিনিধি | সদস্য |
| (১০) | মন্দিরের পুরোহিত (১ জন) | সদস্য |
| (১১) | হিন্দু বৌদ্ধ খ্রিস্টান সম্প্রদায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (১২) | পূজা উদযাপন কমিটি/পরিষদ এর একজন প্রতিনিধি | সদস্য |
| (১৩) | ইউনিয়ন পর্যায়ে কর্মরত একজন এনজি ও প্রতিনিধি | সদস্য |
| (১৪) | কাউন্সিলর (সংরক্ষিত), (সকল) | সদস্য |
| (১৫) | মাদ্রাসার অধ্যক্ষ | সদস্য |
| (১৬) | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব পৌরসভা | সদস্য সচিব |

০২। এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কর্মপরিধি:**

(১) সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সর্বস্তরের জনগণকে সচেতন করার লক্ষ্যে সম্প্রীতি সভা করা:

(২) পৌর এলাকায় সন্দেহজনক লোকজনের উপস্থিতি লক্ষ্য করা গেলে অতিদ্রুত সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করে ব্যবস্থা নিতে হবে;

(৩) সকল ধর্মের মানুষের সহাবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে স্কুল, কলেজ, মাদ্রাসা প্রভৃতি শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সময় সময় আলোচনা করা;

(৪) যে কোন ধরনের অপতৎপরতা প্রতিরোধের জন্য জনগণের সমন্বয়ে স্বেচ্ছাসেবক সংগঠন গড়ে তাদের মাধ্যমে প্রত্যেক ব্যক্তিসমূহের খোজ খবর রাখতে হবে;

(৫) উক্ত কমিটি প্রতিমাসে একটি সভা করে সার্বিক অবস্থা সম্পর্কে কার্যবিবরণী তৈরি করে তার কপি জেলা প্রশাসক-কে প্রদান করবেন;

(৬) কোন পৌরসভায় কোন ধরনের সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হলে উক্ত কমিটিকে দায়িত্ব বহন করতে হবে।


১৮/১১/২০২১
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ২২৩৩৫৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd


নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫.২০২০- ১১২৮/১(৮)

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮ / ১৮ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়।
৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়।
৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল)।
৭। মেয়র, পৌরসভা (সকল)।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার, ................... বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।


১৮/১১/২০২১
এ কে এম মিজানুর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫.২০২০- ১২২-৯

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮ / ১৮ নভেম্বর ২০২১

## অফিস আদেশ

গত ২৪/১০/২০২১ তারিখ রবিবার দুপুর ১২.৩০ ঘটিকায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এর সভাপতিত্বে ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে জনপ্রতিনিধিগণের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার ৫(ঘ) ও (ঙ) নং সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০১/১১/২০২১ তারিখের ০৪.০০. ০০০০.৬১১.০৬. ০০১.২১.১০২ সংখ্যক পত্রে নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটির ( ২০২১ সালের ২য় সভা) সভার ১.৬ নং সিদ্ধান্তের নির্দেশনা মোতাবেক বিদ্যমান ধর্মীয় সম্প্রীতি বজায় রাখা এবং যে কোন ধরনের অপপ্রচার প্রতিরোধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের জন্য পৌরসভার ওয়ার্ড পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হল:

| | | |
|---|---|---|
| (১) | কাউন্সিলর, সংশ্লিষ্ট ওয়ার্ড | সভাপতি |
| (২) | প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক (সংশ্লিষ্ট ওয়ার্ড) | সদস্য |
| (৩) | একজন বিশিষ্ট সমাজ সেবক/স্থানীয় একজন গন্যমান্য ব্যাক্তি (সংশ্লিষ্ট ওয়ার্ড) | সদস্য |
| (৪) | একজন বীর মুক্তিযোদ্ধা (সংশ্লিষ্ট ওয়ার্ড) | সদস্য |
| (৫) | মাদ্রাসার একজন শিক্ষক (সংশ্লিষ্ট ওয়ার্ড) | সদস্য |
| (৬) | সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সদস্য |
| (৭) | পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ড পর্যায়ে একজন এনজিও প্রতিনিধি | সদস্য |
| (৮) | মসজিদের ইমাম | সদস্য |
| (৯) | মন্দিরের পুরোহিত | সদস্য |
| (১০) | হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সম্প্রদায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (১১) | পূজা উদযাপন কমিটি/পরিষদ এর একজন প্রতিনিধি | সদস্য |
| (১২) | ইউনিয়ন পর্যায়ে কর্মরত একজন এনজিও প্রতিনিধি | সদস্য |
| (১৩) | আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য | সদস্য |

০২। এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কর্মপরিধি:**

(১) সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সর্বস্তরের জনগণকে সচেতন করার লক্ষ্যে সম্প্রীতি সভা করা;

(২) পৌর এলাকায় সন্দেহজনক লোকজনের উপস্থিতি লক্ষ্য করা গেলে অতিদ্রুত সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করে ব্যবস্থা নিতে হবে;

(৩) সকল ধর্মের মানুষের সহাবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে স্কুল, কলেজ, মাদ্রাসা প্রভৃতি শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সময় সময় আলোচনা করা;

(৪) যে কোন ধরনের অপতৎপরতা প্রতিরোধের জন্য জনগণের সমন্বয়ে স্বেচ্ছাসেবক সংগঠন গড়ে তাদের মাধ্যমে প্রত্যেক ব্যক্তিসমূহের খোজ খবর রাখতে হবে;

(৫) উক্ত কমিটি প্রতিমাসে একটি সভা করে সার্বিক অবস্থা সম্পর্কে কার্যবিবরণী তৈরি করে তার কপি পৌরসভার মেয়রকে প্রদান করবেন:

(৬) কোন ওয়ার্ডে কোন ধরনের সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হলে উক্ত কমিটিকে দায়িত্ব বহন করতে হবে।

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ২২৩৩৫৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫.২০২০- ১১১৯/১(৮)

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮ / ১৮ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়।
৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়।
৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল)।
৭। মেয়র, পৌরসভা (সকল)।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার, .................. বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

এ কে এম মিজানুর রহমান
উপসচিব